গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০১.০৬.০০১.১৫-৩৯৮২ তারিখ: ০৩/১২/২০১৭ খ্রিঃ

**বিষয়:** মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো, ২০১৭-২০১৮ প্রণয়ন এবং বাস্তব অগ্রগতি বিষয়ে আলোচনা সভার কার্য-বিবরণী।

সভাপতিঃ মোহাম্মদ ইসমাইল (পরিচালক)
সভার তারিখঃ ০৩/১২/২০১৭ খ্রিস্টাব্দ।
সময়ঃ ০৩:০০ ঘটিকা
স্থানঃ বস্ত্র পরিদপ্তর, প্রধান কার্যালয়, সভা কক্ষ।
উপস্থিতিঃ পরিশিষ্ট “ক”

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ শুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে এবং এর বাস্তব অগ্রগতি বিষয়ে আলোচনার জন্য কমিটির আহ্বায়ক জনাব মোহাম্মদ ইসমাইল, (পরিচালক) বস্ত্র পরিদপ্তর এর সভাপতিত্বে বস্ত্র পরিদপ্তরের সভাকক্ষে ০৩/১২/২০১৭ খ্রিষ্টাব্দে বিকাল ০৩.০০ ঘটিকায় একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বস্ত্র পরিদপ্তরের জাতীয় শুদ্ধাচার বিষয়ক কমিটির সকল সদস্য ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের নিয়ে জাতীয় শুদ্ধাচার বিষয় মতবিনিময় করা হয়। সভায় ২০১৭-২০১৮ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কিভাবে বাস্তবায়ন করা যাবে এবং প্রত্যেক প্রতিষ্ঠানের বাস্তব অগ্রগতি নিয়ে সকলের সাথে আলোচনা করা হয়।

কমিটির সদস্য সচিব জনাব মোঃ আব্দুস সালাম, উপ-পরিচালক (কারিগরি) সভার আলোচ্যসূচী সকলের নিকট উপস্থাপন করেন।

আলোচ্যসূচী :

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-১৮ এর সঠিক বাস্তবায়ন ও বাস্তব অগ্রগতি বিষয়ে আলোচনা।

আলোচনাঃ

সভার প্রথমেই কমিটির আহ্বায়ক সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সূচনা বক্তব্যে আহ্বায়ক জাতীয় শুদ্ধাচার কৌশল সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং সকলের সাথে জাতীয় শুদ্ধাচার বিষয়ে মতামত গ্রহণ করেন। আহ্বায়ক বলেন, পূর্বের মতই প্রতি তিন মাস অন্তর অন্তর জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর সভা করতে হবে। এরপর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-১৮ এর সঠিক বাস্তবায়ন কিভাবে করা যায় সে বিষয়ে সভায় উপস্থিত সকলের কাছে মতামত জানতে চান। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৭-২০১৮ এর বিষয়ে ও আলোচনা করা হয়। উক্ত সভায় মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৭-২০১৮ বিষয়ে ও আলোচনা করা হয়। উপস্থিত সকলের সঙ্গে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এর সঠিক বাস্তয়ান ও বাস্তব অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। কমিটির আহবায়ক সবাইকে নিদিষ্ট সময়ের মধ্যে প্রত্যেক কোয়াটারের রিপোর্ট দাখিল করতে বলেন।

চলমান পাতা/২

সিদ্ধান্ত সমূহঃ

সভায় উপস্থিত সবাই উপরোক্ত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হয়।

১। জাতীয় শুদ্ধাচারের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়াটারের রিপোট প্রথমে ই-মেইল এর মাধ্যমে বস্ত্র পরিদপ্তরে নিদিষ্ট সময়ের মধ্যে পাঠাতে হবে এবং পরে হার্ড কপি জরুরী ভাবে দিতে হবে।
২। যে সকল প্রতিষ্ঠান ২০১৭-২০১৮ অর্থ বছরের ১ম কোয়ার্টার রির্পোট পাঠায়নি তাদেরকে আগামী ১০/১২/১৭ তারিখের মধ্যে রিপোর্টটি দাখিল করতে হবে।
৩। ২০১৭-২০১৮ বছরের ২য় কোয়াটার রিপোট আগামী ০৫/০১/১৮ তারিখের মধ্যে আহবায়ক বস্ত্র পরিদপ্তরকে দিতে হবে।
৪। বস্ত্র পরিদপ্তরে জাতীয় শুদ্ধাচার বিষয়ে ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে। ১ম গ্রুপে বিভিন্ন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ডিপ্লোমা ইন্সটিটিউট, বিভাগীয় বস্ত্র কার্যালয় ও জেলা বস্ত্র কার্যালয় এর কর্মকর্তাদের ট্রেনিং দিতে হবে। ২য় গ্রুপে-সকল টিভিআই এর সুপারিনটেনডেন্ট ও ফোকাল পয়েন্টদেরকে ট্রেনিং দিতে হবে।
৫। জাতীয় শুদ্ধাচার ও এপিএ কমিটির মিটিং একই দিনে করতে হবে।
৬। জাতীয় শুদ্ধাচার এর পরবর্তী মিটিং এ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের একজন প্রতিনিধিকে (শুদ্ধাচার সংক্রান্ত) রাখতে হবে।
৭। ট্রেনিং প্রোগ্রাম এ লেকচারার হিসেবে যৌথভাবে মন্ত্রণালয় এবং বস্ত্র পরিদপ্তর থেকে জাতীয় শুদ্ধাচার বিষয়ক কর্মকর্তাকে রাখতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার আহ্বায়ক সভায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভায় উপস্থিত সকলের হাজিরা বিবরণীর কপি সংযুক্ত রয়েছে।

০৩/১২/১৭

(মোহাম্মদ ইসমাইল)
পরিচালক
ও
আহবায়ক
বস্ত্র পরিদপ্তর, নৈতিকতা কমিটি।

নং-২৪.০২.০০০০.০০১.০৬.০০১.১৫-৩৯৮২ তারিখ: ০৩/১২/২০১৭ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপ-পরিচালক (প্রশাসন), রপ্তানি/বাস্তবায়ন/পরিকল্পনা/এমআই/জরীপ ও পরিসংখ্যান বস্ত্র পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। উপ-পরিচালক (কারিগরি), বিভাগীয় বস্ত্র পরিদপ্তর, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা।
০৩। অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, চট্টগ্রাম/শালগাড়িয়া, পাবনা/বেগমগঞ্জ, নোয়াখালী/ঝিনাইদহ/বরিশাল।
০৪। অধ্যক্ষ, বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল।
০৫। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, টাংগাইল/দিনাজপুর/বরিশাল/নাটোর/রংপুর/চট্টগ্রাম।

চলমান পাতা/৩

০৬।সুপারিনটেনডেন্ট,টেক্সটাইলভোকেশনাল ইন্সটিটিউট, ঠাকুরগাঁও/দিনাজপুর/রংপুর/বগুড়া/রাজশাহী/নাটোর/পাবনা/জামালপুর/ময়মনসিংহ/গাজীপুর/মাদারীপুর/গোপালগঞ্জ/মুন্সীগঞ্জ/নারায়নগঞ্জ/নরসিংদী/কুষ্টিয়া/যশোর/খুলনা/বাগেরহাট/পিরোজপুর/কুমিল্লা/ঝালকাঠি/বরগুনা/পটুয়াখালী/ব্রাক্ষণবাড়িয়া/লক্ষীপুর/রাঙ্গামাটি/চট্টগ্রাম/বান্দরবান/খাগড়াছড়ি/গাইবান্ধা/নওগা/চাপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ/টাংগাইল/ফরিদপুর/কক্সবাজার/কিশোরগঞ্জ/নোয়াখালী/মানিকগঞ্জ।

০৭। সহকারি পরিচালক (কারিগরি), জেলা বস্ত্র পরিদপ্তর, টাংগাইল/পাবনা।

০৮। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৯। জনাব মোঃ সাইফুল ইসলাম, লাইব্রেরীয়ান, বস্ত্র পরিদপ্তর, প্রধান কাযালয়, ঢাকা।
(অত্র পত্র-টি বস্ত্র পরিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।

০৩/১২/১৯

(মোঃ আব্দুস সালাম)
উপ-পরিচালক (কারিগরি)
বস্ত্র পরিদপ্তর
ও
সদস্য সচিব
বস্ত্র পরিদপ্তর নৈতিকতা কমিটি।